দৈনিক ইত্তেফাক

তারিখ ... কলাম ...
তারিখ ...29 APR 1991...
পৃষ্ঠা... ২ ...কলাম... ৬

213

# আপসুর সভায় চট্টগ্রাম ভার্সিটির ভিসিকে অপসারণ না করার দাবী

চট্টগ্রাম হইতে বাসস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সর্বদলীয় ছাত্র ঐক্যের (আপসু) নেতৃবৃন্দ গতকাল (রবিবার) কোন পক্ষের চাপে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরকে অপসারণ না করার জন্য সরকারের প্রতি আহ্বান জানাইয়াছেন। আপসু ভাইস

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## আপসুর সভায়

( ১ম পৃ: পর )

চ্যান্সেলরের অপসারণের খবরের প্রতিবাদে নগরীতে একটি মিছিল বাহির করে। পরে মিছিলকারীরা কোর্ট বিল্ডিংয়ের সামনে আপসু নেতা মোখলেস আলী মজুমদারের সভাপতিত্বে এক সভায় মিলিত হয়। সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, কথিত অপসারণের ঘটনায় ১৯৭৩ সনের বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ লংঘিত হইবে। পরে আপসু জেলা প্রশাসক ও পুলিশ কমিশনারের নিকট স্মারকলিপি পেশ করে।

এদিকে বাসস'র অপর এক খবরে বলা হয়, চট্টগ্রাম জেলা আদালতের ১০৩ জন আইনজীবী এক বিবৃতিতে ভাইস চ্যান্সেলরের অপসারণ দাবী করিয়াছেন। তাঁহারা বলেন, তিনি বিশ্ববিদ্যালয়ে শান্তি ফিরাইয়া আনিতে ব্যর্থ হইয়াছেন এবং একজন বিতর্কিত ব্যক্তিতে পরিণত হইয়াছেন।

ইহাছাড়া বিশ্ববিদ্যালয়ে শান্তি-শৃঙ্খলা ফিরাইয়া আনার স্বার্থে ভাইস চ্যান্সেলরকে অপসারণের জন্য বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন নেতৃবৃন্দ এবং ইসলামী ছাত্র শিবিরের বিশ্ববিদ্যালয় শাখা পৃথক পৃথকভাবে দাবী জানাইয়াছে।